

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..  
নাম ... ..

### চাখার ফজলুল হক কলেজে শিক্ষক সংকট

বরিশাল অফিস ॥ দক্ষিণাঞ্চলের ঐতিহ্যবাহী কলেজ হিসেবে চাখার ফজলুল হক কলেজ পরিচিত। শেরে বাংলা এ. কে. ফজলুল হকের নামে এ কলেজ প্রতিষ্ঠিত হয়। কলেজটি এখন অতীত ঐতিহ্য হারাতে বসেছে। সেখানে শিক্ষক সংকট প্রকট। ৬১ জন শিক্ষকের মধ্যে রয়েছেন ২৪ জন। কলেজে ইন্টার-মিডিয়েট থেকে অনার্স কোর্স রয়েছে। রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতিতে অনার্স খেলার পর ইতিহাস, পদার্থ-বিজ্ঞান, প্রাণীবিজ্ঞান ও হিসাব-বিজ্ঞানে অনার্স খেলার কথা ছিল। মহাপরিচালকের মন্ত্র থেকে ৫টি বিষয়ে অনার্স চালুর জন্য গত বছর জুলাই মাসে মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়। কিন্তু আর কোন অগ্রগতি হয়নি।

বর্তমানে কলেজে ইন্টারমিডিয়েটে ৩২৫ জন, ডিগ্রীতে ৩৫২ ও অনার্সে ৩২ জন ছাত্র-ছাত্রী রয়েছে। বাংলা বিভাগে ১টি মাত্র সহযোগী অধ্যাপকের পদ রয়েছে। তা শূন্য। ইংরেজী বিভাগে ১ জন সহযোগী অধ্যাপক ও একজন সহকারী অধ্যাপক রয়েছেন। কোন প্রভাষক নেই। রাষ্ট্রবিজ্ঞানেও একই অবস্থা। ইসলামের ইতিহাস বিভাগে ১জন সহযোগী অধ্যাপকের পদ শূন্য। দর্শন বিভাগে চালাচ্ছেন মাত্র ১জন প্রভাষক। ঐ বিভাগে ৩টি পদ শূন্য। অর্থনীতি বিভাগে ১ জন সহযোগী অধ্যাপক ও ১ জন প্রভাষক রয়েছেন। ইতিহাসে ২ জন প্রভাষক ছাড়া আর কোন পদে শিক্ষক নেই। ইসলামী শিক্ষায় ১ জন মাত্র প্রভাষক ও হিসাব বিজ্ঞানে ২ শিক্ষক জন রয়েছেন। ব্যবস্থাপনায় ১ জন সহযোগী অধ্যাপক ছাড়া আর কেহ নেই। গণিতে কোন শিক্ষক নেই। অষ্ট পদ ৪টি, প্রাণীবিদ্যা বিভাগে চালাচ্ছেন ১ জন শিক্ষক। উদ্ভিদবিদ্যায় ২টি পদ শূন্য।

এ কলেজের বেশীরভাগ শিক্ষক আশেপাশের কলেজ থেকে পদোন্নতি নিয়ে এখানে বদলি হয়ে আসেন। তদবির করে পছন্দের কলেজে আবার চলে যান। এভাবে চলতে থাকায় কলেজের পড়াশুনা বিঘ্নিত হচ্ছে। ছাত্র-ছাত্রী কমে যাচ্ছে।